আজকের কাগজ

তারিখ ... 20 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

# ইসলামী বিশ্ববিদ্যালয় মূল ক্যাম্পাসে যাচ্ছে

আগামী ১ নভেম্বর ইসলামী বিশ্ববিদ্যায় নিজস্ব ক্যাম্পাস শান্তিডাঙ্গা-দুলালপুরে কার্যক্রম শুরু করতে যাচ্ছে। ১৯৯০ সালে ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে, কুষ্টিয়াতে স্থানান্তরিত হলে অস্থায়ীভাবে শহরের সর্বত্র এলোমেলোভাবে কাজ শুরু করে। পিটিআই, মেডিক্যাল স্কুল, শিশু সদন, জিমন্যাসিয়াম, মোহিনী মিলস্, এনএস রোড, হাউজিং এস্টেটসহ বিভিন্ন সরকারি ও বেসরাকরি ভবন ভাড়া নিয়ে অদ্যাবধি চলছে। ক্রমাগত বাধা-বিপত্তি আর নানা ষড়যন্ত্রের শিকারের ফলেই এ বিলম্ব ঘটেছে। মূল ক্যাম্পাসে স্থানান্তর সংক্রান্ত কার্যক্রম পরিচালনার্থে সমাজ বিজ্ঞান অনুষদের ডীন ডঃ আশরাফ আলীকে আহ্বায়ক করে একটি 'উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি' গঠিত হয়েছে। বেশক'টি সাবকমিটিও এ জন্যে কাজ করছে। আহ্বায়ক জানান, মেয়েদের হল ও শিক্ষকদের কোয়ার্টার এবং বাউণ্ডারী ওয়াল না থাকায় নিরাপত্তাজনিত সমস্যা দেখা দিয়েছে। ২৫ জন পুলিশ নিয়ে ক্যাম্প স্থাপনের প্রস্তুতি চলছে। উপাচার্যের জন্যে বরাদ্দ করা হয়েছে পৃথক ফ্ল্যাট। দু'সহস্রাধিক ছাত্র-ছাত্রীর মধ্যে সাদ্দাম হোসেন হলের ২টি বিল্ডিং-এ পাঁচ শতাধিক ছাত্রের সংকুলান আছে। আরেকটি হলে ২ শতাধিক ছাত্রের থাকার ব্যবস্থা আছে। যাতায়াতের জন্যে ৪টি বড় বাস ও ২টি মিনিবাস ভাড়া করা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ২টি বড় বাস ও ১টি মিনিবাস আছে-মোট ৯টি গাড়ি থাকছে, যা ঝিনেদা, কুষ্টিয়া, টাউন সার্ভিস ইত্যাদিতে নিয়োজিত থাকবে। ক্লাস রুমও নগণ্যসংখ্যক। ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আব্বাস উদ্দিন আহমেদ।